(আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা বলেন) দাসীটি আমার কাছে আসতো আর আমার সঙ্গে কথা-বার্তা বলতো। সে আমার কাছে যখনই বসত তখনই বলতো: “সেই হারের দিনটি আমার রবের আশ্চর্য ঘটনা বিশেষ। জেনে রাখুন সে ঘটনাটি আমাকে কুফরের শহর থেকে মুক্তি দিয়েছে।” সহীহ বুখারী।

আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, কোন আরব গোত্রের একটি কালো দাসী ছিল। তারা তাকে আযাদ করে দিল। সে তাদেরই সাথে থেকে গেল। সে বলেছে যে, তাদের একটি মেয়ে গলায় লাল চামড়ার ওপর মূল্যবান পাথর খচিত হার পরে বাইরে গেল। দাসী বলেছে, সে হারটা হয়তো নিজে রেখে দিয়েছিল অথবা পড়ে গিয়েছিল। তখন চিল তা পড়ে থাকা অবস্থায় গোশতের টুকরা মনে করে ছোঁ মেরে নিয়ে গেল। দাসী বলেছে: তারপর গোত্রের লোকেরা বেশ খোঁজাখুঁজি করতে লাগলো; কিন্তু তারা তা পেল না। তখন তারা আমার উপর এর দোষ চাপাল। সে বলেছে: তারা আমার উপর তল্লাশী শুরু করলো, এমন কি আমার লজ্জা-স্থানেও তল্লাশী চালাল। দাসীটি বলেছে: আল্লাহর কসম! আমি তাদের সাথে সে অবস্থায় দাঁড়ানো ছিলাম, এমন সময় চিলটি উড়ে যেতে যেতে হারটি ফেলে দিল। সে বলেছে তাদের সামনেই তা পড়লো। তখন আমি বললাম: তোমরা তো এর জন্যই আমার উপর দোষ চাপিয়ে ছিলে! তোমরা আমার উপর সন্দেহ করেছিলে; অথচ আমি এ ব্যাপারে সম্পূর্ণ নির্দোষ। এই তো সেই হার! সে বলেছে: তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে ইসলাম গ্রহণ করলো। আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা বলেন: তার জন্য মসজিদে (নববীতে) একটি তাঁবু অথবা ছাপড়া করে দেওয়া হয়েছিল। আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা বলেন (দাসীটি) আমার কাছে আসতো আর আমার সঙ্গে কথা-বার্তা বলতো।
সে আমার কাছে যখনই বসত তখনই বলতো: “সেই হারের দিনটি আমার রবের আশ্চর্য ঘটনা বিশেষ। জেনে রাখুন সে ঘটনাটি আমাকে কুফরের শহর থেকে মুক্তি দিয়েছে।” আয়েশা বলেন, আমি থাকে বললাম: কি ব্যাপার, তুমি আমার কাছে বসলেই যে এ কথাটা বলে থাক? আয়েশা বলেন: সে তখন আমার কাছে উক্ত ঘটনা বর্ণনা করল। [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

হাদীস শরীফটিতে একজন দাসীর ইসলাম গ্রহণের কারণ বর্ণিত হয়েছে যাকে তার গোত্রের পক্ষ থেকে তাকে লাল চামড়ার ওপর মূল্যবান পাথর খচিত হার চুরির অপবাদ দেওয়া হয়েছিল। অথচ সেটি একটি চিল লাল রঙের হওয়ার কারণে গোশতের টুকরা মনে করে ছোঁ মেরে নিয়ে গিয়েছিল। গোত্রের লোকেরা দাসীটিকে তল্লাশী করতে লাগল। অতপর আল্লাহর কুদরতে সেসময় চিলটি উক্ত হারটি ফেলে দিলো। ফলে তারা তখন দাসীটিকে নির্দোষ জানতে পারল। অতপর সে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে ইসলাম গ্রহণ করলো। সে মসজিদে (নববীতে) একটি ছোট ঘরে বসবাস করতে লাগল। দাসীটি আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহার কাছে প্রায়ই হারের উক্ত ঘটনা বলত এবং নিম্নোক্ত কবিতাটি উক্ত ঘটনার সত্যতার ব্যাপারে আবৃতি করত। “সেই হারের দিনটি আমার রবের আশ্চর্য ঘটনা বিশেষ। জেনে রাখুন সে ঘটনাটি আমাকে কুফরের শহর থেকে মুক্তি দিয়েছে।” অর্থাৎ হার হারানো সেদিন যে আশ্চর্যজনক ঘটনা ঘটেছিল যা আল্লাহর ইচ্ছায় সংঘটিত হয়েছিল। তিনি আমাকে সেই ঘটনার পর কুফরের দেশ থেকে মুক্তি দিয়েছেন।